

ত্বাণ্ডত কী এবং ত্বাণ্ডতকে অস্বীকার করার অর্থ কী?

ত্বাণ্ডত শব্দের আভিধানিক অর্থ হলো:- “সীমালঙ্ঘনকারী” “পথভ্রষ্টকারী” বা “বাতিল উপাস্য”।

শারী‘য়াতের পরিভাষায়- একমাত্র আল্লাহ ﷻ ব্যতীত অন্য যা কিছুর উপাসনা করা হয়, সে সবকে ত্বাণ্ডত বলা হয়।

ত্বাণ্ডতকে অস্বীকার করার অর্থ হলো- “আল্লাহ ﷻ ভিন্ন সকল উপাস্য বাতিল, আর আল্লাহই (ﷻ) হলেন একমাত্র সত্য ও সত্যিকার উপাস্য” এই বিশ্বাস অন্তরে দৃঢ়ভাবে পোষণ করা, সাথে সাথে সকল বাতিল উপাস্যের (যেমন- মূর্তি, প্রতিমা, দেব-দেবী, জিন, মানুষ, গাছ, পাথর, আণ্ডন, চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র ইত্যাদির) উপাসনা ও তাদের উপাসনাকারীদেরকে পুরোপুরি বর্জন করে সে সব থেকে সম্পূর্ণরূপে মুক্ত ও নিরাপদ দূরে থাকা। কেননা কোরআনে ‘আযীমে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ لَا انفِصَامَ لَهَا.^১

অর্থাৎ- যে ব্যক্তি ত্বাণ্ডতকে অস্বীকার করে এবং আল্লাহতে বিশ্বাস স্থাপন করে, সে ধারণ করে নিয়েছে সুদৃঢ় রজ্জু যা ছিন্ন হওয়ার নয়।^২

অন্য আয়াতে আল্লাহ ﷻ ইরশাদ করেছেন:-

وَلَقَدْ بَعَثْنَا فِي كُلِّ أُمَّةٍ رَسُولًا أَنْ اعْبُدُوا اللَّهَ وَاجْتَنِبُوا الطَّاغُوتَ.^৩

অর্থাৎ- আমি প্রত্যেক উম্মাতের মধ্যেই রাখুল প্রেরণ করেছি এই মর্মে যে, তোমরা আল্লাহর ‘ইবাদাত করো এবং ত্বাণ্ডত থেকে দূরে থাকো।^৪

যে ব্যক্তি আল্লাহ ﷻ ব্যতীত যা কিছুর উপাসনা করা হয়, সে সকল উপাস্যকে বাতিল বলে অস্বীকার না করবে এবং আল্লাহকে (ﷻ) একমাত্র সত্য ও সত্যিকার উপাস্য বলে বিশ্বাস ও স্বীকার না করবে, এবং বাতিল উপাস্যসমূহের উপাসনাকারীদের সাথে সকল প্রকার সম্পর্ক ছিন্ন না করবে, সে মুছলমান বলে গণ্য হবে না।

১. سورة البقرة- ২০৬

২. ছুরা আল বাক্বারাহ- ২৫৬

৩. سورة النحل- ৩৬

৪. ছুরা আন্ নাহল- ৩৬

মুছলমান হতে হলে অবশ্যই এই বিশ্বাস পোষণ করতে হবে যে, আল্লাহই হলেন 'ইবাদাত বা উপাসনার একমাত্র যোগ্য ও হকুদার। ত্বাণ্ডত তথা জিন, দেব-দেবী, প্রতিমা এবং আল্লাহ ব্যতীত যে নিজেকে উপাস্য বলে দাবি করে কিংবা নিজের উপাসনা করার প্রতি মানুষকে আহ্বান জানায়, অথবা নিজে উপাস্য হতে পছন্দ করে বা উপাস্য হওয়াতে সম্ভৃষ্টিবোধ করে, সেসব কিছুই হলো ত্বাণ্ডত তথা বাত্বিল উপাস্য এবং এণ্ডলোর উপাসনা হলো বাত্বিল উপাসনা।

তাই প্রত্যেক মানুষের জন্য এসব বাত্বিল উপাস্যকে অস্বীকার করা, তাদের উপাসনা থেকে সম্পূর্ণরূপে বিরত থাকা এবং যারা এসব বাত্বিল উপাস্যের উপাসনা করে তাদের থেকেও নিরাপদ দূরে থাকা অত্যাবশ্যিক।

শারী'য়াতের পরিভাষা অনুযায়ী মূর্তি, দেব-দেবী, গাছ, পাথর, জিন, আণ্ডন, চন্দ্র, সূর্য ইত্যাদি যা কিছুর উপাসনা করা হয়, এণ্ডলো যেমন ত্বাণ্ডত তথা বাত্বিল উপাস্য, তেমনি মানুষের মধ্যে যারা নিজেকে উপাস্য বলে দাবি করে কিংবা যে ব্যক্তি লোকজনকে তার 'ইবাদাত করার বা তাকে পূজো করার জন্য আহ্বান জানায়, অথবা নিজে উপাস্য হওয়া পছন্দ করে বা তাতে সম্ভৃষ্টিবোধ করে, তারাও হলো ত্বাণ্ডত।

তবে নাবী-রাছুল ﷺ এবং ঈমানদার-নেক্কার অন্যান্য ব্যক্তিবর্গ ও ফিরিশতা- যাদের উপাসনা অনেকে করে থাকে, তারা ত্বাণ্ডতের পর্যায়ভুক্ত নন। কেননা তারা কাউকে তাদের উপাসনা করার প্রতি আহ্বান জানানি, কিংবা তারা নিজেকে কখনো উপাস্য বলে দাবি করেননি, এমনিভাবে তারা নিজে উপাস্য হওয়াকে প্রাণভরে ঘৃণা করেছেন, এটাকে আদৌ পছন্দ করেননি এবং তাতে বিন্দুমাত্র সম্ভৃষ্টিবোধ করেননি। তারা সবসময় মানবজাতিকে এক আল্লাহর 'ইবাদাতের প্রতি এবং অন্য সকল উপাস্যকে পরিহার ও বর্জন করার প্রতি আহ্বান জানিয়েছেন। সুতরাং তাদের আদেশ, নির্দেশ ও আহ্বানকে উপেক্ষা বা লঙ্ঘন করে তাদের নিষেধ ও পূর্ণ অসম্ভৃষ্টি সত্ত্বেও কেউ যদি তাদের 'ইবাদাত করে থাকে, তাহলে তজ্জন্য তারা আল্লাহর নিকট দায়ী হবেন না এবং তারা ত্বাণ্ডতের পর্যায়ভুক্ত বলে কখনো গণ্য হবেন না।